## ২১৪ (স্বামী রামকৃষ্ণানন্দকে লিখিত)

C/o E. T. Sturdy হাইভিউ, কেভার্শ্যাম, রিডিং, ইংলভ, ১৮৯৫

প্রেমাস্পদেষু,

ইতঃপূর্বে পত্র পাইয়া থাকিবে। এক্ষণে ইংলন্ডে আমার যাবতীয় পত্রাদি উপরিউক্ত ঠিকানায় পাঠাইবে। মিঃ স্টার্ডি তারকদাদার পরিচিত। তিনি আমাকে এখানে আনাইয়াছেন এবং আমরা উভয়ে একত্রে ইংলন্ডে হাঙ্গাম করিবার চেষ্টায় আছি। এবার আমি নভেম্বর মাসে পুনরায় আমেরিকা যাত্রা করিব, অতএব এখানে একজন উত্তম সংস্কৃত ও ইংরেজী, বিশেষতঃ ইংরেজী-জানা লোকের আবশ্যক -- শরৎ বা তুমি বা সারদা। তাহার মধ্যে তোমার শরীর যদি একদম আরোগ্য হইয়া থাকে তো বড়ই ভাল। তুমি আসিবে, নতুবা শরৎকে পাঠাইবে। কাজ এই যে আমি যে-সকল চেলা-পত্র এখানে রাখিয়া যাইব, তাহাদের শিক্ষা দেওয়া ও বেদান্তাদি পড়ান এবং একটু-আধটু ইংরেজীতে তর্জমা করা, মধ্যে মধ্যে লেকচার-পত্র দেওয়া। 'কর্মণা বাধ্যতে বুদ্ধিঃ।' --র আসিবার বড়ই ইচ্ছা, কিন্তু গোড়া শক্ত করে না গাঁথিলে ফাঁস হইয়া যাইবে। এই পত্রে এক চেক পাঠাইলাম, তাহাতে কাপড়-চোপড় কিনিবে (অর্থাৎ যে আসিবে)। চেক মহেন্দ্রবাবু -- মাস্টার মহাশয়ের নামে পাঠাইলাম। গঙ্গাধরের টিবেটি চোঙ্গা মঠে আছে; ঐ ঢং-এর এক চোঙ্গা গেরুয়া রং-এর বানাইয়া লইবে। Collar (কলার)-টা যেন কিছু উপরে হয়, অর্থাৎ গলা পর্যন্ত ঢাকা পড়ে।... সকলের আগে একটা খুব গরম ওভারকোট; শীত বড়ই প্রবল। জাহাজের উপর ওভারকোট খুব গরম...। সেকেন্ড ক্লাসের টিকেট পাঠাইতেছি: অর্থাৎ ফার্ম্ট ক্লাস সেকেন্ড ক্লাসে বড় বিশেষ নাই।... যদি শশীর আসা ছির হয়, তাহা হইলে পূর্ব হইতে নিরামিষ খাওয়ার বন্দোবস্ত করিয়া লইবে।

বোম্বে যাইয়া মেসার্স কিং কিং এড কোং, ফোর্ট, বোম্বে অফিসে যাইয়া বলিবে যে, 'আমি স্টার্ডি সাহেবের লোক' -- তাহা হইলে তাহারা তোমাকে এক টিকেট দেবে ইংলড পর্যন্ত। এখান হইতে এক চিঠি উক্ত কোম্পানির উপর যাইতেছে। খেতড়ির রাজাকে এক চিঠি লিখিতেছি যে, তাঁহার বোম্বের এজেন্ট যেন তোমাকে দেখিয়া শুনিয়া book (বুক) করিয়া দেয়। যদি এই ১৫০ টাকায় কাপড়-চোপড় না হয়, রাখাল যেন তোমায় বাকি টাকা দেয়; আমি পরে তাহাকে পাঠাইয়া দিব। তাছাড়া ৫০ টাকা হাত খরচের জন্য রাখিবে -- রাখালকে দিতে বলিবে। তারপর আমি পাঠাইয়া দিব। চুনীবাবুর জন্য যে টাকা পাঠাইয়াছি, তাহার খবর আজও পাই নাই। পত্রপাঠ চলিয়া আসিবে। মহেন্দ্রবাবুকে বলিবে, তিনি আমার কলিকাতার এজেন্ট। তিনি যেন পত্রপাঠ মিঃ স্টার্ডিকে এক চিঠি লিখেন যে, যা কিছু কলিকাতা সম্বন্ধে লেখা পড়া business (বৈষয়িক কার্য) ইত্যাদি আমাদের করিতে হইবে, তাহা তিনি করিতে রাজি আছেন। অর্থাৎ মিঃ স্টার্ডি আমার ইংলডের সেক্রেটারি, মহেন্দ্রবাবু কলিকাতার, আলসিঙ্গা মাদ্রাজের ইত্যাদি ইত্যাদি। মাদ্রাজে এ খবর পাঠাইবে। সকলে উঠিয়া পড়িয়া না লাগিলে কি কাজ হয়? 'উদ্যোগীনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ' (উদ্যোগী পুরুষসিংহেরই লক্ষ্মী লাভ হয়) ইত্যাদি। পেছু দেখতে হবে না -- forward (এগিয়ে চল)। অনন্ত বীর্য, অনন্ত উৎসাহ, অনন্ত সাহস ও অনন্ত ধৈর্য, তবে মহাকার্য সাধন হবে। দুনিয়ায় আগুন লাগিয়ে দিতে হবে।

আর যে দিন স্টীমার ঠিক হবে, তৎক্ষনাৎ মিঃ স্টার্ডিকে এক পত্র লিখিবে যে, 'অমুক স্টীমারে

আমি আসিতেছি।' নতুবা লন্ডনে পৌঁছিয়া গোলমাল হইয়া না যাও। যে স্টীমার একদম লন্ডন যায়, তাহাই লইবে; কারণ তাহাতে যদিও দু-চারি দিন অধিক লাগে, পরন্তু ভাড়া কম লাগে। এক্ষণে আমাদের অধিক পয়সা তো নাই। কালে দলে দলে চতুর্দিকে পাঠাইব। কিমধিকমিতি

বিবেকানন্দ

পুঃ -- পত্রপাঠ খেতড়ির রাজাকে লিখিবে যে, তুমি বোম্বে যাইতেছ ইত্যাদি এবং তাঁহার লোক যেন তোমায় জাহাজে চড়িয়া দেয়।

-- বি

এই ঠিকানা একটা পকেট বুকে লিখিয়া সঙ্গে রাখিবে -- গোল না হয়।